

‘উড়লে আকাশে প্রজাপতি, প্রকৃতি পায় নতুন গতি’- এ সেগান সামনে রেখে প্রজাপতি সংরক্ষণ ও গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আগামীকাল শুক্রবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে প্রজাপতি মেলা-২০২২।

advertisement

গতকাল বুধবার বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়ার শিক্ষক লাউঞ্জে এক সংবাদ সম্মেলনে মেলার

advertisement 4

আহ্বায়ক ও বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মনোয়ার হোসেন আমাদের সময়কে এ তথ্য নিশ্চিত করেন।

ড. মনোয়ার হোসেন জানান, বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে ১২তম বারের মতো দিনব্যাপী এ মেলা আয়োজিত হবে। সকাল সাড়ে ৯টায় উদ্বোধন ঘোষণার মধ্য দিয়ে শুরু হবে মেলার কার্যক্রম। এর পর সচেতনতামূলক র্যালি ও প্যাপেট শো থাকবে। শিশুদের জন্য প্রজাপতিবিষয়ক ছবি আঁকা ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে সকাল ১০টায়। বেলা সাড়ে ১১টায় প্রজাপতির আদলে ঘুড়ি উড়ান ও বেলা ২টায় অনুষ্ঠিত হবে বারোয়ারি বিতর্ক প্রতিযোগিতা। বিকালে প্রজাপতি চেনা প্রতিযোগিতা ও প্রদর্শিত হবে ডকুমেন্টারি। এ ছাড়া সব বয়সের মানুষের জন্য দিনব্যাপী আলোকচিত্র প্রদর্শনী, প্রতিযোগিতা ও প্রজাপতির হাট প্রদর্শিত হবে।

এ ছাড়া প্রকৃতি সংরক্ষণে গুরুত্বপূর্ণ অবদানের জন্য এ বছর তরুণপল্লব সংগঠনকে ‘বার্টারফ্লাই অ্যাওয়ার্ড-২০২২’ দেওয়া হবে। প্রজাপতি নিয়ে গবেষণার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষার্থী দীপ্ত বিশ্বাসকে বার্টারফ্লাই ইয়াং ইনথুসিয়াস্ট অ্যাওয়ার্ড প্রদান করা হবে। প্রকাশিত হবে প্রজাপতির লার্ভা ও প্রজাপতিনির্ভর গাছপালার তথ্যচিত্র নিয়ে একটি পাম্পলেট।

ড. মনোয়ার আরও জানান, বাংলাদেশে ৪৫০ প্রজাতির প্রজাপতির দেখা মেলে। এর মধ্যে জাহাঙ্গীরনগরে দুই-তিন বছর আগেও ১১০ প্রজাতির উপস্থিতি ছিল। তবে প্রকৃতি ধ্বংসের কারণে এখন মাত্র ৫২ প্রজাতির দেখা মেলে। আমরা চেষ্টা করছি প্রজাপতির গুরুত্ব সবার কাছে তুলে ধরার। এরা পরিবেশে পরাগায়ণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তবে এ ব্যাপারে আমাদের সচেতনতা অনেক কম। প্রকৃতি সংরক্ষণ করে প্রজাপতির বাসস্থানকে নিরাপদ রাখার জন্যই সচেতনতা বাড়ানোই এ আয়োজনের লক্ষ্য।

2  
Shares